

বিশ্বসাহিত্য কেন্দ্রের কর্মসূচি

১৪ হাজার শিক্ষার্থী

এবার বই পড়ার

পুরস্কার পাচ্ছে

নিজস্ব প্রতিবেদক

বিশ্বসাহিত্য কেন্দ্রের বই পড়া কর্মসূচিতে এবার পুরস্কার পাচ্ছে প্রায় ১৪ হাজার শিক্ষার্থী। তিন মহানগরীর ৩০০ শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় ৫৫ হাজার শিক্ষার্থী এই কর্মসূচিতে অংশ নেয়। এর মধ্যে ঢাকা মহানগরের ছয় হাজার ৯২ জন বিজয়ীকে আগামী ১৬ ও ১৭ জানুয়ারি রথনা বটমূলে, চট্টগ্রাম মহানগরীর চার হাজার ৫৯৬ জন বিজয়ীকে ২৩ জানুয়ারি চট্টগ্রাম মহানগরী হাই স্কুল প্রাঙ্গণে ও খুলনা মহানগরীর তিন হাজার ২৩২ জন বিজয়ীকে ৩০ জানুয়ারি খুলনা করোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে পৃথক উৎসবের মাধ্যমে পুরস্কৃত করা হবে। গতকাল সোমবার বাংলাদেশের বিশ্বসাহিত্য কেন্দ্রের সংলগ্ন কক্ষে এক সংবাদ সম্মেলনে বই পড়া কর্মসূচির নানা দিক তুলে ধরেন বিশ্বসাহিত্য কেন্দ্রের সভাপতি অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ।